গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাঃ ১৫ (কারিগরি-১)
www.moedu.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৬.০৮.০০৫.১৪- ২৫২

তারিখ ঃ ১৬ চৈত্র, ১৪২২ বঙ্গাব্দ
৩০ মার্চ ২০১৬ খ্রিষ্টাব্দ

বিষয় ঃ অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ প্রসঙ্গে।

সূত্র-১ঃ ৩৭.০০.০০০০.০৭৬.০৮.০০৫.১৪-৮৭, তারিখঃ ২৭/০১/২০১৬।
সূত্র-২ঃ ৩৭.০০.০০০০.০৭৬.০৮.০০৫.১৪-৮৮, তারিখঃ ২৭/০১/২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন খুলনা পলিটেকনিক ইন্সটিটিউটের ইন্সট্রাক্টর (সিভিল), জনাব মোঃ জাকারিয়া ফেরদৌস এবং কুমিল্লা পলিটেকনিক ইনষ্টিটিউটের ইন্সট্রাক্টর (মেকানিক্যাল), জনাব মোঃ আলমগীর কর্তৃপক্ষের বিনা অনুমোদিতে দীর্ঘদিন কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। সে প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয় হতে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) ধারামতে যথাক্রমে ডিজার্শন (Desertion) ও "অসদাচরণ" (Misconduct) এর দায়ে অভিযুক্ত করে তাদের বিরুদ্ধে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী দায়ের করা হয়। উক্ত অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তাদের বর্তমান ও স্থায়ী ঠিকানায় রেজিস্ট্রার এডির মাধ্যমে প্রেরণ করা হলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী ফেরত আসে।

০২। এমতাবস্থায়, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন খুলনা পলিটেকনিক ইন্সটিটিউটের ইন্সট্রাক্টর (সিভিল), জনাব মোঃ জাকারিয়া ফেরদৌস এবং কুমিল্লা পলিটেকনিক ইনষ্টিটিউটের ইন্সট্রাক্টর (মেকানিক্যাল), জনাব মোঃ আলমগীর এর বিরুদ্ধে দায়ের করা অভিযোগনামা ও অভিযোগ বিবরণীসমূহ শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ হায়দার আলী মোল্লা)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৬৯৭২৬

সিনিয়র সিস্টেম এনালিষ্ট
আইসিটি সেল
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
www.moedu.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৬.০৮.০০৫.১৪- ৮৮

তারিখ ঃ ১৪ মাঘ, ১৪২২ বঙ্গাব্দ
২৭ জানুয়ারি ২০১৬ খ্রিষ্টাব্দ

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব মোঃ আলমগীর, ইন্সট্রাক্টর (মেকানিক্যাল), কুমিল্লা পলিটেকনিক ইন্সটিটিউটে বিগত ২২/১১/২০১১ তারিখ হতে ২৪/১১/২০১১ তারিখ পর্যন্ত ০৩ (তিন) দিনের নৈমিত্তিক ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করেন এবং ছুটি শেষে কাজে যোগদান না করে অদ্যাবধি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন; এবং

যেহেতু, আপনাকে কুমিল্লা পলিটেকনিক ইন্সটিটিউটের ২৭/১২/২০১১ তারিখের সংস্থাপন/২৪৬২/৪ নং স্মারক মোতাবেক কাজে যোগদানের জন্য পত্র দেয়া হলে আপনি কর্মস্থলে যোগদান করেননি বা কোনরুপ যোগাযোগ করেননি। সে প্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তরের ২২/০৫/২০১২ তারিখের সংস্থাপন (২)/বিভাগীয় ব্যবস্থা গ্রহণ/৭৭/৭৭ (অংশ-১)/১৫২, নং স্মারক মোতাবেক আপনাকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয় এবং আপনি তারও জবাব প্রদান করেননি ; এবং

যেহেতু, আপনি গত ২২/১১/২০১১ তারিখ হতে অদ্যাবধি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। আপনার এ ধরনের কর্মকান্ড সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) মতে 'অসদাচরণ' এবং ৩ (সি) মতে 'ডিজারশন' অপরাধ হিসেবে গণ্য;

সেহেতু, এক্ষণে আপনাকে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) ধারামতে যথাক্রমে ডিজারশন (Desertion) ও "অসদাচরণ" (Misconduct) এর দায়ে অভিযুক্ত করা হলো এবং কেন আপনাকে উক্ত বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক চাকুরি হতে বরখাস্ত করা হবে না বা উপর্যুক্ত বিধিমালার বিধান মতে অন্য কোন উপযুক্ত দন্ড প্রদান করা হবে না তার কারণ এ অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ দেয়া গেল। আত্মপক্ষ সমর্থনের জন্য আপনি লিখিত বক্তব্যের অতিরিক্ত হিসেবে ব্যক্তিগত শুনানি চান কিনা তাও উপর্যুক্ত নির্ধারিত সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানানোর জন্য আপনাকে নির্দেশ দেয়া গেল।

সোহরাব
২৭.০১.২০১৬
(মোঃ সোহরাব হোসাইন)
সচিব

বর্তমান ঠিকানাঃ
জনাব মোঃ আলমগীর
ইন্সট্রাক্টর (মেকানিক্যাল)
কুমিল্লা পলিটেকনিক ইন্সটিটিউট, কুমিল্লা।

স্থায়ী ঠিকানাঃ
জনাব মোঃ আলমগীর
প্রযত্নে- পিতা ঃ মৃত আহাদ আলী
গ্রামঃ দপা ইদ্রাকপুর (মুন্সী ভিলা), পোঃ ফতুল্লা
উপজেলাঃ ফতুল্লা, জেলাঃ নারায়নগঞ্জ।

D:\Hasan\Sec 15\Complain Order.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
www.moedu.gov.bd

অভিযোগ বিবরণী

জনাব মোঃ আলমগীর, ইন্সট্রাক্টর (মেকানিক্যাল), কুমিল্লা পলিটেকনিক ইন্‌স্টিটিউটে বিগত ২২/১১/২০১১ তারিখ হতে ২৪/১১/২০১১ তারিখ পর্যন্ত ০৩ (তিন) দিনের নৈমিত্তিক ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করেন এবং ছুটি শেষে কাজে যোগদান না করে অদ্যাবধি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। এজন্য কুমিল্লা পলিটেকনিক ইন্‌স্টিটিউটের ২৭/১২/২০১১ তারিখের সংস্থাপন/২৪৬২/৪ নং স্মারক মোতাবেক কাজে যোগদানের জন্য পত্র দেয়া হলে আপনি কর্মস্থলে যোগদান করেননি বা কোনরূপ যোগাযোগ করেননি। সে প্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তরের ২২/০৫/২০১২ তারিখের সংস্থাপন (২)/বিভাগীয় ব্যবস্থা গ্রহণ/৭৭/৭৭ (অংশ-১)/১৫২, নং স্মারক মোতাবেক আপনাকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। প্রেরিত চিঠি ''প্রাপক উক্ত ঠিকানায় না থাকায় ফেরত দেওয়া গেল'' মর্মে কারিগরি শিক্ষা অধিদপ্তরে ফেরত আসে। আপনি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে কুমিল্লা পলিটেকনিক ইন্‌স্টিটিউটের ছাত্র/ছাত্রীদের শিক্ষা কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। আপনার এ ধরণের কর্মকান্ড সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) ও ৩ (সি) ধারামতে যথাক্রমে 'অসদাচরণ' ও 'ডিজারশন' শামিল যা উক্ত বিধিমালার ৩ (বি) ও ৩ (সি) ধারা অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ। উক্ত অপরাধে আপনাকে অভিযুক্ত করা হলো।

২৭.০১.২০১৩

(মোঃ সোহরাব হোসাইন)
সচিব

H:\Sec-15\Complain Order.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
www.moedu.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৬.০৮.০০৫.১৪- ৬৭

তারিখ : ১৪ মাঘ, ১৪২২ বঙ্গাব্দ
২৭ জানুয়ারি ২০১৬ খ্রিষ্টাব্দ

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব মোঃ জাকারিয়া ফেরদৌস, ইন্সট্রাক্টর (সিভিল), খুলনা পলিটেকনিক ইন্‌স্টিটিউটে বিগত ১২/০৭/২০০৮ তারিখ হতে ১৫/০৭/২০০৮ তারিখ পর্যন্ত ০৪ (চার) দিনের নৈমিত্তিক ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করেন এবং ছুটি শেষে কাজে যোগদান না করে অদ্যাবধি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন; এবং

যেহেতু, আপনাকে খুলনা পলিটেকনিক ইন্‌স্টিটিউটের ২৩/০৭/২০০৮ তারিখের সংস্থাপন/১৩৯২(৪) নং স্মারক মোতাবেক কাজে যোগদানের জন্য পত্র দেয়া হলে আপনি কর্মস্থলে যোগদান করেননি বা কোনরুপ যোগাযোগ করেননি। সে প্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তরের ২২/০৫/২০১২ তারিখের সংস্থাপন (২) কৈফিয়ত তলব/২০০৬/০৫/১৪৮ নং স্মারক মোতাবেক আপনাকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয় এবং আপনি তারও জবাব প্রদান করেননি; এবং

যেহেতু, আপনি গত ১২/০৭/২০০৮ তারিখ হতে অদ্যাবধি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। আপনার এ ধরনের কর্মকান্ড সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) মতে 'অসদাচরণ' এবং ৩ (সি) মতে 'ডিজারশন' অপরাধ হিসেবে গণ্য;

সেহেতু, এক্ষণে আপনাকে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) ধারামতে যথাক্রমে ডিজারশন (Desertion) ও "অসদাচরণ" (Misconduct) এর দায়ে অভিযুক্ত করা হলো এবং কেন আপনাকে উক্ত বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক চাকুরি হতে বরখাস্ত করা হবে না বা উপর্যুক্ত বিধিমালার বিধান মতে অন্য কোন উপযুক্ত দন্ড প্রদান করা হবে না তার কারণ এ অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ দেয়া গেল। আত্মপক্ষ সমর্থনের জন্য আপনি লিখিত বক্তব্যের অতিরিক্ত হিসেবে ব্যক্তিগত শুনানি চান কিনা তাও উপর্যুক্ত নির্ধারিত সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানানোর জন্য আপনাকে নির্দেশ দেয়া গেল।

সোহরাব
২৭.০১.২০১৬

(মোঃ সোহরাব হোসাইন)
সচিব

বর্তমান ঠিকানাঃ
জনাব মোঃ জাকারিয়া ফেরদৌস
ইন্সট্রাক্টর (সিভিল)
খুলনা পলিটেকনিক ইন্‌স্টিটিউট, খুলনা।

স্থায়ী ঠিকানাঃ
জনাব মোঃ জাকারিয়া ফেরদৌস
প্রযত্নে আব্দুল লতিফ খান
গ্রামঃ কাটিয়া বাজার (চালীপাড়া), পোঃ সাতক্ষীরা
উপজেলাঃ + জেলাঃ সাতক্ষীরা।

D:\Hasan\Sec-15\Complain Order.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
www.moedu.gov.bd

অভিযোগ বিবরণী

জনাব মোঃ জাকারিয়া ফেরদৌস, ইন্সট্রাক্টর (সিভিল), খুলনা পলিটেকনিক ইন্সটিটিউটে বিগত ১২/০৭/২০০৮ তারিখ হতে ১৫/০৭/২০০৮ তারিখ পর্যন্ত ০৪ (চার) দিনের নৈমিত্তিক ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করেন এবং ছুটি শেষে কাজে যোগদান না করে অদ্যাবধি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন এজন্য খুলনা পলিটেকনিক ইন্সটিটিউটের ২৩/০৭/২০০৮ তারিখের সংস্থাপন/১৩৯২(৪) নং স্মারক মোতাবেক কাজে যোগদানের জন্য পত্র দেয়া হলে আপনি কর্মস্থলে যোগদান করেননি বা কোনরুপ যোগাযোগ করেননি। সে প্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তরের ২২/০৫/২০১২ তারিখের সংস্থাপন (২) কৈফিয়ত তলব/২০০৬/০৫/১৪৮ নং স্মারক মোতাবেক আপনাকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। প্রেরিত চিঠি ''প্রাপক উক্ত ঠিকানায় এই নামে কেহ না থাকায় ফেরত'' মর্মে কারিগরি শিক্ষা অধিদপ্তরে ফেরত আসে। আপনি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে খুলনা পলিটেকনিক ইন্সটিটিউটের ছাত্র/ছাত্রীদের শিক্ষা কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। আপনার এ ধরণের কর্মকান্ড সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) ও ৩ (সি) ধারামতে যথাক্রমে 'অসদাচরণ' ও 'ডিজারশন' শামিল যা উক্ত বিধিমালার ৩ (বি) ও ৩ (সি) ধারা অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ। উক্ত অপরাধে আপনাকে অভিযুক্ত করা হলো।

সোহরাব
২৭.০১.২০১৫

(মোঃ সোহরাব হোসাইন)
সচিব

D:\Haider\Sec-15\Complain Order.doc

২০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
www.moedu.gov.bd

অভিযোগ বিবরণী

জনাব মোঃ জাকারিয়া ফেরদৌস, ইন্সট্রাক্টর (সিভিল), খুলনা পলিটেকনিক ইন্সিটিটিউটে বিগত ১২/০৭/২০০৮ তারিখ হতে ১৫/০৭/২০০৮ তারিখ পর্যন্ত ০৪ (চার) দিনের নৈমিত্তিক ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করেন এবং ছুটি শেষে কাজে যোগদান না করে অদ্যাবধি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন এজন্য খুলনা পলিটেকনিক ইন্সিটিটিউটের ২৩/০৭/২০০৮ তারিখের সংস্থাপন/১৩৯২(৪) নং স্মারক মোতাবেক কাজে যোগদানের জন্য পত্র দেয়া হলে আপনি কর্মস্থলে যোগদান করেননি বা কোনরুপ যোগাযোগ করেননি। সে প্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তরের ২২/০৫/২০১২ তারিখের সংস্থাপন (২) কৈফিয়ত তলব/২০০৬/০৫/১৪৮ নং স্মারক মোতাবেক আপনাকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। প্রেরিত চিঠি ''প্রাপক উক্ত ঠিকানায় এই নামে কেহ না থাকায় ফেরত'' মর্মে কারিগরি শিক্ষা অধিদপ্তরে ফেরত আসে। আপনি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে খুলনা পলিটেকনিক ইন্সিটিটিউটের ছাত্র/ছাত্রীদের শিক্ষা কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। আপনার এ ধরণের কর্মকান্ড সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) ও ৩ (সি) ধারামতে যথাক্রমে 'অসদাচরণ' ও 'ডিজারশন' শামিল যা উক্ত বিধিমালার ৩ (বি) ও ৩ (সি) ধারা অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ। উক্ত অপরাধে আপনাকে অভিযুক্ত করা হলো।

সোহরাব
২৭.০১.২০১৫

(মোঃ সোহরাব হোসাইন)
সচিব

D:\Haider\Sec-15\Complain Order.doc